

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৭৭

পর্ব-৫: জানায়া (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - জানায়ার সাথে চলা ও সালাতের বর্ণনা

আরবী

وَعَنْ وَائِلَةَ بْنِ الْأَسْقَعِ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى رَجُلٍ مِنَ الْمُسْلِمِينَ فَسَمِعْتُهُ يَقُولُ: «اللَّهُمَّ إِنَّ فُلَانَ بْنَ فُلَانٍ فِي ذِمَّتِكَ وَحَبْلِ جِوارِكَ فَقِهِ مِنْ فِتْنَةِ الْقَبْرِ وَعَذَابِ النَّارِ وَأَنْتَ أَهْلُ الْوَفَاءِ وَالْحَقِّ اللَّهُمَّ اغْفِرْ لَهُ وَارْحَمْهُ إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ» . رَوَاهُ أَبُو دَاؤُدَ وَابْنَ مَاجَةَ

বাংলা

১৬৭৭-[৩২] ওয়াসিলাহ্ ইবনুল আসক্রা (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নিয়ে একজন মুসলিম ব্যক্তির জানায়াহ্ সালাতে ইমামাত করলেন। আমরা তাঁকে (এ সালাতে) পড়তে শুনেছি,

”আল্ল-হুম্মা ইন্না ফুলা-ন ইবনু ফুলা-ন ফী যিম্মাতিকা, ওয়া হাবলি জাওয়া-রিকা ফাকিহী মিন ফিতনাতিল কবরি ওয়া ‘আয়া-বিনা-র, ওয়া আনতা আহলুল ওফা-য়ি ওয়াল হাকি, আল্ল-হুম্মাগফির লাতু ওয়ারহামহু, ইন্নাকা আনতাল গফুরুর রহীম”

(অর্থাৎ হে আল্লাহহ! অমুকের ছেলে অমুককে তোমার যিন্মায় ও তোমার প্রতিবেশীসুলভ নিরাপত্তায় সোপর্দ করলাম। অতএব তুমি তাকে কবরের ফিতনাহ্ (ফিতনা) ও জাহান্নামের ‘আয়াব থেকে রক্ষা করো। তুমি ওয়া’দা রক্ষাকারী ও সত্যের অধিকারী। হে আল্লাহহ! তুমি তাকে মাফ করে দাও, তার উপর রহমত বর্ষণ করো, তুমি ক্ষমাশীল ও দয়াময়।)। (আবু দাউদ, ইবনু মাজাহ)[1]

ফুটনেট

[1] সহীহ : আবু দাউদ ৩২০২, ইবনু মাজাহ ১৪৯৯, আদ্দ দা‘ওয়াতুল কাবীর ৬৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মাইয়িতের জন্য দু'আর সময় তার নাম এবং তার পিতার নাম ধরে দু'আ করা বৈধ। তবে এ কাজ প্রসিদ্ধ ব্যক্তির জন্যই কেবল প্রযোজ্য।

নাম বলতে গিয়ে অমুকের পুত্র তোমার যিম্মায় এর অর্থ হলো তোমার হিফায়াত ও তোমার প্রতিশ্রুত নিরাপত্তায়।  
অর্থ حَبْلُ الْعَهْدِ মানে হিফায়াত, তোমার হিফায়াতের ক্ষেত্রে পেশ করলাম। জমহুর মুফাস্সিরীন এর দ্বারা  
কিতাবুল্লাহকে বুঝিয়েছেন। কেউ কেউ নৈকট্যের পথও বুঝিয়েছেন।

হাদিসের মান: [সহিহ \(Sahih\)](#) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56237>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন